



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dsheets.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০১৯/ টে ৩০/৭

তারিখ: ২৫/০৭/২০২০খ্রি।

বিষয়: পাঁচপোটল ডিগ্রী কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল-এর ০৮ (চার) জন শিক্ষক তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তি প্রসঙ্গে।

- সূত্র:
১. কলেজের ১০/০৬/২০১৯, ৩০/০৫/২০১৯ ও ১০/০৮/২০১৯ তারিখের আবেদন;
 ২. স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.২০১৯/৩৯১৩/৭, তারিখ: ১৭/০৯/২০১৯
 ৩. স্মারক নং মাউশি/ঢাকা/সেসেপ/২০১৭/৯১৪ তারিখ : ২৮/১১/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাঁচপোটল ডিগ্রী কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল-এর ডিগ্রিস্তরে ৩য় শিক্ষক হিসেবে চারজন শিক্ষকের এমপিওভুক্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রস্তাবিত শিক্ষকদের নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা ও এমপিও ভুক্তির শর্তাবলী ঘথাযথ কিনা এ বিষয়ে সুষ্পষ্ট মতামতের জন্য স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৩.২০১৯/৩৯১৩/৭, তারিখ: ১৭/০৯/২০১৯ মোতাবেক উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সেই প্রক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, (১) জনাব মো: জুলহাস উদ্দিন, প্রভাষক (হিসাববিজ্ঞান); (২) জনাব আবু হেনা মা: মোস্তফা কামাল, প্রভাষক (দর্শন); (৩) মো: জাকির হোসেন, প্রভাষক (রাষ্ট্র বিজ্ঞান); (৪) জনাব মো: ফয়জুর রহমান, প্রভাষক (ইসলাম শিক্ষা) “একই নিয়োগ বিজ্ঞপ্তির পত্রিকা বারবার উপস্থাপন করা, নিয়োগ বিজ্ঞপ্তির পত্রিকা ত্রুটিপূর্ণ, নিয়োগ সম্পর্কিত রেজুলেশন বহিতে আবেধভাবে পৃষ্ঠা সংযোজন ও গড়মিল তথ্য, হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: জুলহাস উদ্দিন অন্যত্র কর্মরত ও বেতনভুক্ত থাকা, একই নিয়োগ বোর্ডের অধীনে একই তারিখে একই পদ ও বিষয়ে নিয়োগ পরীক্ষার ভিন্ন ভিন্ন নম্বর পত্র তৈরী করা, নিয়োগ পরীক্ষার নম্বরপত্রে নিয়োগ বোর্ডের সদস্যদের স্বাক্ষর ও পদবী গড়মিল, শিক্ষক হাজিরা ত্রুটিপূর্ণ ও হাজিরা স্বাক্ষর না থাকায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত শিক্ষক তালিকা ও গভর্নিং বডির সাবেক সভাপতি কর্তৃক সরবরাহকৃত শিক্ষক তালিকায় বর্ণিত তদন্তাধীন শিক্ষকের নাম না থাকায় এটাই প্রমাণিত হয় যে, জাল-জালিয়াতির মাধ্যমে নিয়োগসংক্রান্ত ও অন্যান্য রেকর্ড পত্র প্রস্তুত করে ০৮ জন শিক্ষক-কে তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য আবেদন করা হয়েছে। এহেন অন্তিম কর্মকাণ্ডের জন্য সংশ্লিষ্ট শিক্ষকসহ কলেজের অধ্যক্ষ ও সহযোগিতাকারীদের বিরুদ্ধে জনবল কাঠামো-২০১৮এর ১৮ অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যায়”

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী উল্লিখিত ০৮ (চার) জন শিক্ষকের নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্রাদি ত্রুটিপূর্ণ পাওয়ার পরও কেন এমপিওভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এ বিষয়ে সুষ্পষ্ট ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০৭/২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@ dsheets.gov.bd

অধ্যক্ষ

পাঁচপোটল ডিগ্রী কলেজ
ধনবাড়ী, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ত্রুটিপূর্ণ নয়)

- ১। পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিং অঞ্চল, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৪। সভাপতি, পরিচালনা পরিষদ, পাঁচপোটল ডিগ্রী কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
- ৬। -----, পাঁচপোটল ডিগ্রী কলেজ, ধনবাড়ী, টাঙ্গাইল।
- ৭। সংরক্ষণ নথি।